প্রভুর উদ্দেশ্যে পবিত্রতা

ঈশ্বরের ইচ্ছা

মূলঃ রেভাঃ জর্জ এল. পাইক।

এই বার্তা বিনামূল্যে বিতরনের জন্য প্রকাশিত হয়েছে। আরো কপি পেতে হলে, যদি সম্ভব হয় ইংরেজীতে আপনি কতগুলি কপি সুন্দরভাবে ব্যবহার করতে পারেন জানিয়ে নিচের ঠিকানায় লিখুন।

Published By

Grace Temple
PO Box 511
Monroe, GA 30655-0511 USA
Web: www.GraceTempleOnline.org
Email: info@GraceTempleOnline.org

BEN9907T • Bengali • Fear No Evil

ঈশ্বরের ইচ্ছা

এই লেখাগুলি সময় নিয়ে পড়েছেন এই কথা বিবেচনা করে, 'আপনার জীবনের জন্য 'ঈশ্বরের ইচ্ছা'- এ সম্বন্ধে আমি আপনার সাথে আলোচনা করতে চাই। পবিত্র বাইবেল আমাদের বলে যে, ঈশ্বরের ইচ্ছা সম্বন্ধে অজ্ঞ না হতে, কিন্তু প্রভুর ইচ্ছা কি তা জানতে (ইফিষীয়-৫:১৭)। আপনার জীবনের জন্য ঈশ্বরের ইচ্ছা কি তা কি আপনি জানেন? প্রথমতঃ আমাকে বলতে দিন যে ঈশ্বরের ইচ্ছা হল তাঁর বাক্য এবং তাঁর বাক্যই হচ্ছে আত্মা, আত্মা হল প্রেম ও প্রেম হল করুণা এবং করুণার উপরেই আমাদের বিশ্বাস স্থাপিত। ঈশ্বরের বাক্যের করুণা ব্যতীত অন্য কোন কিছুর উপরেই আমাদের বিশ্বাস স্থাপন করা যায় না। ঈশ্বর হলেন বাক্য।

প্রথমে, ভালবাসার জীবন ও আত্মা ছিল। ইহা নিজেকে আত্মিক চেতনায় সুস্পষ্টভাবে প্রকাশ করে, যা অনন্তকালীন রাজত্ব স্থাপন করতে ঈশ্বরের মহৎ পরিকল্পনার প্রথম পদক্ষেপ ছিল।

তারপর খ্রীষ্ট হলেন মূল বিষয়। যখন খ্রীষ্ট মারা গেলেন, মণ্ডলীকে উৎপাটন করা হল। একে ছাপানো পাতায় স্থানান্তরিত করা হল যেন ইহা সর্বকালে যুগ যুগ ধরে সংরক্ষিত হতে পারে। এখন, আর একবার ঈশ্বর ইচ্ছা করেন তাঁর লিখিত বাক্যের মাধ্যমে আত্মা সৃষ্টি করতে, অদ্বিতীয়ত ঈশ্বরের আত্মার সাথে আমাদের আত্মার রূপান্তর দ্বারা, যাতে রক্তমাংসের শরীরে ঈশ্বরের পুত্র হিসাবে আমরা সুস্পষ্টরূপে প্রকাশ পেতে পারি।

আত্মাতে ইতোমধ্যেই আমরা বিচারিত হয়েছি, শুচিকৃত হয়েছি, গৌরাবান্বিত হয়েছি এবং চিরদিনের জন্য পরিপূর্ণতা লাভ করেছি (রোমীয়-৮:৩০, ইব্রীয়-১০:১০-১৪)। পূর্ব জ্ঞানানুসারে আমরা ঈশ্বরের কৃপা দ্বারা মনোনীত হয়েছি। কোনোকিছুই ঈশ্বরের প্রেম হতে আমাদের দূরে রাখতে পারে না এবং আমরা পাপমুক্ত হয়েছি- যা ছিল রোগব্যাধি এবং মৃত্যুর একমাত্র কারণ।

শত্রুর উপর আমাদের সকল ক্ষমতা রয়েছে এবং কোনো কিছুই কোনোভাবেই আমাদের আহত করতে পারে না। । আমাদের জীবনের সাথে সংসৃষ্ট সমস্ত কিছুই ঈশ্বর দান করেছেন। আমরা মৃত্যু থেকে জীবনে পার হয়ে গিয়েছি, আমাদের আত্মা স্বর্গে এবং রূপান্তরিত হয়ে ঈশ্বরের অতি আশ্চর্য রাজ্যে প্রবেশ করবে। আমরা খ্রীষ্টের সাথে ঈশ্বরের মধ্যে লুকায়িত আছি, স্বর্গ যাকে পেয়েছে এবং আমরা একত্রে স্বর্গে বসেছি। এখন শুধু আমাদের শারিরীক মুক্তির অপেক্ষায় আছি, কেননা দেহ নিজেই বন্দীদশা থেকে মুক্তি লাভ করবে। ঈশ্বরের পুত্রদের মহিমান্বিত স্বাধীনতার মধ্যে প্রবেশ করবে।

আমাদের দেহের জন্য ঈশ্বরের ইচ্ছার শিক্ষার প্রথম পদক্ষেপ হল আমাদের আহ্বান ও মনোনয়ন সম্বন্ধে নিশ্চিত হওয়া। পিতর বলেন যে, বাস্তবিক যদি তুমি প্রেম সৃষ্টি কর এবং পরিবর্তন না কর, কিন্তু প্রাত্যাহিক বিষয়ে তোমার নিজের কষ্ট শনাক্ত কর, তাহলে তোমার জন্ম ঈশ্বর হতে এবং কখনও পতিত হবে না। প্রথমে এটি প্রমাণ করুন, পরবর্তীতে ঈশ্বরের ইচ্ছা বা বাক্যের শিক্ষা গ্রহণ করুন, যাতে মানুষের প্রতি ঈশ্বরের প্রেম দেখতে পান। ঈশ্বর বলেন, "পৃথিবীতে শান্তি ও মনুষ্যদের প্রতি অনুগ্রহ"। তিনি বলেন, "আমি জানি তোমাদের প্রতি আমার ধারণাগুলো ভাল এবং তোমাদের হৃদয়ের আকাঙ্ক্ষা এবং একটি ভাল পরিণাম আমি তোমাদের দিব" এখন এটি হৃদয়ে বিশ্বাস করুন, কেননা মানুষের হৃদয়ে বিশ্বাস আছে এবং অন্তকরণের সাথে তা করে। প্রথমে বুদ্ধিমত্তার সাথে বিশ্বাস করুন, এবং তারপরে বিশ্বাসী হতে ঈশ্বরের বাক্য আত্মার মত আপনার হৃদয়ে প্রবেশ করবে।

বাক্য ছিল প্রথমে প্রাকৃতিক, গাছপালা ও জলের একটি জগত। পরবর্তীতে এটি ছিল দৈহিক একটি রক্তমাংসের জগত এবং মানবীয় গঠন। তৃতীয়তঃ এটি ছিল মানুষের আত্মাতে আধ্যাতিক অথবা পবিত্র জগতে। আসুন এক মুহূর্তের জন্য প্রত্যাদেশের দৃষ্টিতে দেখি, সত্যিকারভাবে যখন ঈশ্বর প্রথম মানুষ সৃষ্টি করেছিলেন সেই এদোন উদ্যানে তখন কি ঘটেছিলো। শয়তান, যে একজন স্বর্গদূত হিসেবে স্বর্গের অধিকার ভ্রষ্ট হলো। সে অন্ধকার জগতের অধিপতি হলো, কিন্তু সে সর্বশক্তিমান ঈশ্বরের সত্তার মধ্যে ফিরে যাবার উপায় অন্বেষণ করছিলো। সে অনির্ভরযোগ্য ব্যক্তি স্ত্রীলোকের মাধ্যমে মানুষের রাজ্যে হানা দিলো। খ্রীষ্ট মানুষকে একটি বড় দ্বন্দ্ব বা দৈহিক রাজ্যের সংগ্রামরত অবস্থা থেকে মুক্ত করতে আসলেন।

এখানেই হচ্ছে আমাদের সমস্যা। বিশ্বাসীদের রক্ষা করার জন্য খ্রীষ্ট শয়তানকে ধ্বংস করেছিলেন। পবিত্র বাইবেল বলে, "পৃথিবী নিবাসীদের মধ্যে সন্তাপ, কেননা শয়তান তোমাদের মধ্যে রহিয়াছে।" আত্মাতে আমরা স্বর্গে আছি, কিন্তু এই দেহে আমরা পৃথিবীতে আছি। সুতরাং শয়তান ইন্দ্রিয় সম্পর্কিত মনের মাধ্যমে কাজ করে যা আমাদের ঈশ্বরের সাথে শত্রুতা ঘটায় এবং যা সবসময়ই মানুষের ভেতরে ও বাহিরে যুদ্ধের কারণ। পৌল বলেন, "কে আমাকে মৃত্যুর দেহ হইতে উদ্ধার করিবে?" তিনি বলেন, "আমি মন দিয়া ঈশ্বরের সেবা করি (বিশ্বাসের আত্মা এবং অভ্যন্তরীণ মানুষ), কিন্তু মাংসের দুর্বলতায় আমি পাপ এবং ইহার অনুশীলনের অধীন।"

পৌল অন্তরে বিশুদ্ধ ছিলেন, কিন্তু কী ভাবে দেহকে ভালো এবং সুস্পষ্টভাবে প্রকাশ করা যায় তা তিনি খুঁজে পান নাই। তার দেহের অংশগুলোকে পেরেক দ্বারা ক্রুশ বিদ্ধ করা হয়েছিলো যাতে তারা ভালোভাবে ধার্মিকতার প্রতি সারা দিতে পারে। পৌল বলেন যে যীশুখ্রীষ্ট পাপের দেহ সৃষ্টি করেছিলেন, এতএব, বিশ্বাস দ্বারা তাঁর মৃত্যুতে আমাদের দেহ মৃত, মস্তক আমাদের শরীরের প্রধান অংশ হিসেবে আমাদের শরীর মৃত যেন তাঁর রক্তে আমরা তাঁর জীবনের দেহ পেতে পারি। অতএব, তাহলে শাস্ত্র থেকে শাস্ত্রে, গৌরব থেকে গৌরবে ও প্রত্যাদেশ থেকে প্রত্যাদেশের মধ্যে আমরা আংশিকভাবে রয়েছি যেন ঈশ্বরের বাক্যের দ্বারা পরিবর্তিত হয়ে ইহা সর্বকালে যুগ যুগ ধরে প্রকাশিত হই। আমরা বিশুদ্ধ মানুষের পূর্ণতায় পরিবর্তিত হয়েছি, যীশুখ্রীষ্ট, মানব ঈশ্বর বা ঈশ্বরের বাক্য আপন মহিমায় মাংসে মূর্তিমান হলেন।

এক মনুষ্য, আদম দ্বারা পাপ জগতে প্রবেশ করলো। এক মনুষ্য, যীশুখ্রীষ্ট দ্বারাও ধার্মিকতা ও প্রায়শ্চিত্ত জগতে এসেছিলো। আমরা মৃত্যু থেকে জীবনে পার হয়েছি এবং তাঁর ক্ষতসকল দ্বারা আমরা আরোগ্য লাভ করেছি। অতএব, যখন ইহা আমরা সম্পূর্ণভাবে উপলব্ধি

করি, তখন আমরা পাপ ও ব্যাধির অভিশাপ থেকে মুক্ত হই। এসবে, আমাদের দেহের মুক্তির বিষয় শনাক্ত করতে হবে যেমনটি হনোক এবং এলিয় করেছিলেন, তারা বিশ্বাস দ্বারা স্বশরীরে স্বর্গে গিয়েছিলেন। আমাদের আত্মা (অন্তর মনুষ্য) ইতোমধ্যেই ঈশ্বর রাজ্যে স্থানান্তরিত হয়েছে, কিন্তু ঈশ্বরের বাক্য বিশ্বাসের দ্বারা রক্তমাংসে সুস্পষ্টভাবে প্রকাশ করতে আমরা অবশ্যই আমাদের দেহগুলোকে রূপান্তরিত করবো। এখন আমরা ঈশ্বরের পুত্র। আত্মা ঈশ্বর, যীশুর দেহে সুস্পষ্টভাবে প্রকাশিত হয়েছিলেন। বিশ্বাস দ্বারা আমাদের মাংসিক দেহে ঈশ্বরের পুত্রদের সুস্পষ্ট প্রকাশ ঘটেছে। এটি আংশিকভাবে করা হয়েছে যতক্ষণ না আমরা পূর্ণ উপলব্ধি শক্তির দ্বারা খ্রীষ্টের পরিপূর্ণ নৈতিক মূল্যবোধে পৌঁছাতে না পারি।

পৌল বলেন যে, হয়ত তুমি উচ্চতা, গভীরতা ও প্রশস্ততা উপলব্ধি করতে পারবে। অতএব, আমরা অবশ্যই বিশ্বাসের জন্য আন্ত রিকভাবে চেষ্টা করব যা ঈশ্বর একবার পবিত্র ব্যক্তিদের প্রদান করেছিলেন। এর অর্থ হল বিশুদ্ধতা, যদি আমরা বিচলিত না হই। পরিপক্কতা বাধ্যতার পরিপূর্ণ কাজ একটি পরিষ্কার বিবেক এবং ধার্মিকতার কাজের মাধ্যমে আসে।

কর্মই পরিপূর্ণ বিশ্বাস তৈরি করে। যাকোব বলেন যে আমাদের অবশ্যই খ্রীষ্টের কষ্টভোগ ও আত্মত্যাগের অংশী হতে হবে যাতে আমরা অন্যের প্রতি দয়াশীল ও তাদের দুর্বলতাগুলো অনুভব করতে সমর্থ হই। এর দ্বারা, তাদের প্রয়োজন মিটাতে আমরা আমাদের বিশ্বাসকে যথেষ্ট বৃদ্ধি করর। প্রেমের দ্বারা বিশ্বাস কাজ করে যা পরিপূর্ণতা লাভের প্রথম শর্ত বা চুক্তি, কেননা ইহা ভালো চিন্তা করে ঈশ্বরের আইনকে পরিপূর্ণ করে, এরূপে হৃদয়ের সমস্ত পাপ পরিহার করে বিশ্বাসে পূর্বাবস্থায় ফিরে যেতে পারি, যেন ইহা আমাদের পক্ষে কাজ করে যেতে পারে, যেমন ইহা ঈশ্বরের হস্তের কাজ সম্বন্ধে নির্দেশ দেয়।

যখন তুমি ভয় পাও, তুমি বিচিলিত হও। চিন্তাতে ভারাক্রান্ত হয়ো না এবং ভীত হয়ো না, কিন্তু ভয়কে অস্বীকার কর। ভয় হল বিশ্বাসের বিপরীত। ইহা ধ্বংস করে, কেননা শয়তান অবিশ্বাস দ্বারা কাজ করে থাকে, কিন্তু সঠিক আস্থাই হল বিশ্বাস এবং ঈশ্বরের আত্মা বিশ্বাস দ্বারা কাজ করে। আসুন আমরা ভয়হীনভাবে ঈশ্বরের প্রতিশ্রুতি ও করুণা এবং সমস্ত আনন্দ ও আস্থা গ্রহণ করি।

দায়ুদ বলেন, "আমি দুষ্টতাকে ভয় করিব না," সুতরাং হঠাৎ ভয় কিংবা আকস্মিক কোনো শক্তিতে ভীত হয়ো না, কিংবা স্বপ্নে অথবা ভাববাণীতেও নহে। চাটুকারদের মুখের কথা, অভিযোগ, লোকজন, জিনিস অথবা কোনো ঘটনাকে ভয় করো না। ঈশ্বর এবং মানুষকে সন্তুষ্ট করতে চেষ্টা করে। এর দ্বারা, ঈশ্বরের সম্মুখে তোমার হৃদয় নিশ্চিত করে রাখতে পারবে, এবং তোমার প্রার্থনার উত্তরে ঈশ্বরে তোমার বিশ্বাস থাকবে। পবিত্র বাইবেল আমাদের এই বিষয়ই বলে।

আমিও বিশ্বাস করি, এই যুগে তুমি মৃত্যুকে দেখবে না, কিন্তু তুমি বিশ্বাসে রূপান্তরিত হবে। স্থায়ী করতে সবই করা হয়েছিলো, তাহলে করুণার দ্বারা স্থায়ী হও। শুধুমাত্র বিশ্বাস কর ও দাঁড়াও। পরিপূর্ণ বিশ্বাস পেতে হলে তোমার অবশ্যই ঈশ্বরীয় জ্ঞান থাকতে হবে। মানুষের বিশ্বাস আসে মানুষের জ্ঞান থেকে। ঈশ্বরের বাক্য খ্রীষ্টের জ্ঞান দ্বারা ঈশ্বরে বিশ্বাস আসে। অতএব, তোমরা মনের নতুনীকরণ দ্বারা পরিবর্তীত হও। তোমাকে অবশ্যই তোমার প্রতি ঈশ্বরের অনুভূতির এবং তাঁর ইচ্ছা এবং সামর্থের কথা জানতে হবে, কেননা তোমাকে বিশ্বাস করতে হবে। তুমি যা জাননা কিংবা বোঝ না তা বিশ্বাস করতে পার না।

অতএব, এসব বিষয়গুলোর উপর ধ্যান কর, ও সম্পূর্ণরূপে নিজেকে তাতে ফেলে দাও, এবং নিজেকে প্রমাণ কর। তোমার অর্জনগুলো সকলের কাছে প্রকাশিত হোক।

ঈশ্বর খ্রীষ্টের জন্য আমাদের পাপ ক্ষমা করেছেন এবং আমাদের রোগ দূরে সরিয়ে নিয়েছেন। খ্রীষ্টের মধ্যে ঈশ্বরের সমস্ত ধার্মিকতা পরিপূর্ণ হয়েছিলো। ঈশ্বর মানুষের ধার্মিকতার জন্য যা আবশ্যক মনে করেছিলেন, খ্রীষ্ট জীবনকালে তা সম্পাদন করেছিলেন, সুতরাং তোমাতেও সেই মন থাকুক যা যীশুখ্রীষ্টেরও ছিল (শান্তির মন, আনন্দ, বিশ্বাস এবং পরিপূর্ণ মুক্তি)। অতএব তোমরা মনের নতুনীকরণ দ্বারা পরিবর্তিত হয়ে দ্বন্দ্ব এবং জটিলতা মন, যা ঈশ্বরের সাথে শত্রুতা ঘটায় সেসব থেকে বাইবেলে খ্রীষ্টের মনের মধ্যে প্রবেশ কর। এটাই হল সম্পূর্ণ পরিত্রাণ, কেননা এটাই হল ঈশ্বরের ইচ্ছা।

মূলঃ রেভাঃ জর্জ লিওন পাইক।

Founder and first President of Jesus Christ's Eternal Kingdom of Abundant Life, Inc.

প্রভুর উদ্দেশ্যে পবিত্রতা